[illegible]

[illegible]

**Job Category:** NGO/Development

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 17 Oct 2024

**Application Deadline:** 10 Nov 2024

# POPI

## নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তিন দশকেরও বেশি সময় ধরে সুনামের সাথে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|---|
| ১. | উপ-পরিচালক (ঋণ কার্যক্রম) (২ জন) | সর্বোচ্চ ৫০ বছর | স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির কৌশলগত পরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন, উদ্ভাবনী ক্ষুদ্র অর্থায়ন প্রোডাক্ট তৈরী, ঝুঁকি নির্ণয় ও নিরসনের কৌশল, বৃহৎ পরিসরে কর্মী পরিচালনা ও নেতৃত্বে দক্ষতা। Data Analysis, Ratio Analysis, সর্বোপরি ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিশ্লেষণ দক্ষতা আবশ্যক। ইংরেজীতে বলা ও লেখায় দক্ষতাসম্পন্ন। ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে উচ্চ পর্যায়ে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ১০৩,১৫২/-(মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ১১২,৬৮৮/- (মোবাইল ভাতাসহ)। |
| ২. | সহকারী পরিচালক (ঋণ কার্যক্রম) (২ জন) | সর্বোচ্চ ৪৮ বছর | স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছরসহ ১০ বছরের অভিজ্ঞতা। ৬০-৭০টি শাখার দায়িত্ব পালন অথবা ৩০০ কোটি টাকা ঋণস্থিতি পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বাজেট প্রণয়ন, প্রতিবেদন তৈরী ও বিশ্লেষণে বিশেষ দক্ষতা থাকতে হবে। কর্মী ব্যবস্থাপনা ও কর্মী উন্নয়নের যোগ্যতা সম্পন্ন হতে হবে। কম্পিউটারে পারদর্শী। পরিদর্শন কাজে মাসে কমপক্ষে ১২-১৪ দিন ঢাকার বাহিরে যেতে হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৮৭,৭৮০/-(মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ৯৫,৮২০/-(মোবাইল ভাতাসহ) |
| ৩. | কর্মসূচী ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম) (৪ জন) | সর্বোচ্চ ৪৮ বছর | স্নাতক / স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে/ রিজিওনাল ম্যানেজার পদে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে ন্যূনতম ১০ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৬৫,৫১২/-(মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ৭১,৫২৮/- (মোবাইল ভাতাসহ)। |
| ৪. | সহকারী কর্মসূচী ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম) (১০ জন) | সর্বোচ্চ ৪৫ বছর | স্নাতক / স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে/এরিয়া ম্যানেজার পদে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে ন্যূনতম ৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৫১,৫৯২/- (মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ৫৬,৩৯৮/-(মোবাইল ভাতাসহ)। |
| ৫. | শাখা ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম) (৫০ জন) | সর্বোচ্চ ৪২ বছর | স্নাতক / স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৪৩,১৮০/- (মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ৪৯,৯৭০/-(লাঞ্চ ভাতা ও মোবাইল ভাতাসহ)। |
| ৬. | মাঠ কর্মকর্তা (ঋণ কার্যক্রম) (২০০ জন) | ২৫-৩৫ বছর | স্নাতক / স্নাতকোত্তর | অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ২৫,০৬০/-(মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ৩০,৬৪০/- (লাঞ্চ ভাতা ও মোবাইল ভাতাসহ)। |
| ৭. | মাঠ সহকারী (ঋণ কার্যক্রম) (১০০ জন) | ২৫-৩৫ বছর | এইচএসসি | অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ১৮,১৭৬/-(মোবাইল ভাতাসহ) এবং স্থায়ীকরণের পর ২৩,২৯৪/- (লাঞ্চ ভাতা ও মোবাইল ভাতাসহ)। |

অন্যান্য শর্তাবলী ঃ

- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। শিক্ষানবিশকালে মোবাইল ভাতা, স্বল্প মূল্যে একক আবাসন সুবিধা (৫, ৬ ও ৭ নং পদের জন্য প্রযোজ্য), স্বল্পসুদে মোটরসাইকেল ক্রয়ের ঋণ ও মোটরসাইকেলের জ্বালানী, রক্ষণাবেক্ষণ ব্যয় (শুধুমাত্র ৩, ৪ ও ৫ নং পদের জন্য প্রযোজ্য) এবং স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচ্যুইটি, বছরে দুইটি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদত্ত হবে। এছাড়াও দূরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা ও শহর ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে।
- নিয়োগের জন্য মনোনীত হলে প্রার্থীদের জামানত বাবদ পদ অনুযায়ী, শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, মাঠ কর্মকর্তা ২০,০০০/- টাকা এবং মাঠ সহকারী পদের জন্য ১৮,০০০/- টাকা প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য। মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদে নির্বাচিত প্রার্থীদের ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। মৌলিক প্রশিক্ষণ ফি বাবদ অতিরিক্ত ৪,০০০/- টাকা প্রশিক্ষণ কেন্দ্রে প্রদান করতে হবে।
- মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীদের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সাপেক্ষে মোটরসাইকেল জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ প্রদান করা হয়।
- ৩ থেকে ৭ নং পদে নির্বাচিত প্রার্থীদের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ ও রংপুর বিভাগে পপি'র কর্মএলাকায় নিয়োগ দেয়া হবে। তাছাড়া অন্যান্য বিভাগেও কাজ করার আগ্রহ থাকতে হবে।
- শুধুমাত্র মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদের নরসিংদী, কুমিল্লা, ময়মনসিংহ, রংপুর, চট্টগ্রাম ও ঢাকা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীগণ খামের উপরে অবশ্যই পদের নাম ও যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদেরকে "পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি)" একাউন্ট নম্বর-৪৪১৫৬০৩০০০০৭১ (সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি কর্পোরেট শাখা) অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/-টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অধ্যয়নরতদের আবেদন করায় নিরুৎসাহিত করা যাচ্ছে।

আগ্রহী প্রার্থীগণকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, শিক্ষা সনদ ও অভিজ্ঞতার সনদপত্র, বিগত প্রতিষ্ঠানের ছাড়পত্র (পূর্ব অভিজ্ঞতার ক্ষেত্রে), বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (৩, ৪ ও ৫ নং পদের জন্য), ২ কপি সদ্য তোলা রঙ্গিন ছবি, এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর আবেদনপত্রসহ আগামী ১০/১১/২০২৪ তারিখের মধ্যে বরাবর, মানবসম্পদ ও প্রশাসন বিভাগ, পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭, ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ে সরাসরিও আবেদন পত্র গ্রহন করা হয়। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ন আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্রঃ বিস্তারিত জানতে bdjobs or POPI Job Circular Facebook Page দেখুন।